# পঞ্চম অধ্যায়

## ৫.০ গবেষণা প্রস্তাবের আর্থিক ব্যবস্থাপনা

### ৫.১ আংশিক অর্থ বরাদ্দ

রাজস্ব বাজেট থেকে প্রাপ্ত অর্থ কেবল পাবলিক প্রকিউরমেন্ট রুলস্ ২০০৮ ও পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট অনুসারে ব্যয় করা হবে।

রাজস্ব বাজেটের অধীন গবেষণা পরিচালনার জন্য চুক্তিবদ্ধ গবেষক/প্রতিষ্ঠান তাদের গবেষণার অগ্রগতি সংশ্লিষ্ট ইউনিটের গবেষণা কমিটির নিকট উপস্থাপনের পর কমিটির অনুমোদনসাপেক্ষে বিধিমতে আংশিক ব্যয় মঞ্জুরি প্রাপ্য হবেন।

### ৫.২ বাংলাদেশ পুলিশ গবেষণা তহবিল

বাংলাদেশ পুলিশের অধীন গবেষণা কার্যক্রম পরিচালনা ও ফেলোশিপ প্রদানের জন্য একটি তহবিল থাকবে, যা "বাংলাদেশ পুলিশ গবেষণা তহবিল" নামে পরিচিত হবে। এ তহবিলে নিম্নোক্ত খাতসমূহ থেকে অর্থ সংগ্রহ করা যাবে:-

(ক) বাংলাদেশ পুলিশ কল্যাণ ট্রাস্ট

(খ) সিএসআর

(গ) বাংলাদেশ পুলিশ গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত অন্যান্য উৎস

বাংলাদেশ পুলিশ গবেষণা কমিটির ভিন্ন কোন নির্দেশনা না থাকলে বাংলাদেশ পুলিশ গবেষণা তহবিল দ্বারা পরিচালিত গবেষণার ক্ষেত্রে 'বাংলাদেশ পুলিশ গবেষণা নীতিমালা ২০১৮' অনুসরণ করা হবে।

### ৫.৩ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ

কোনো গবেষণার অডিট আপত্তি দেখা দিলে ইউনিট প্রধান/ডিডিও অডিট আপত্তি নিষ্পত্তি করবেন।

# ষষ্ঠ অধ্যায়

## ৬.০ গবেষণা নীতিমালা অনুমোদন, প্রয়োগ ও পরিবর্তন

৬.১ বাংলাদেশ পুলিশের রাজস্ব ও রাজস্ব বহির্ভূত বাজেটের অর্থে পরিচালিত গবেষণা কার্যক্রম এবং পরামর্শদানমূলক গবেষণাকর্মের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

৬.২ এই গবেষণা নীতিমালা ২০১৮-২০১৯ অর্থবছর থেকে কার্যকর হবে।

৬.৩ প্রয়োজনের নিরিখে গবেষণা নীতিমালা পরিমার্জন ও পরিবর্ধন অনুভূত হলে ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এঁর অনুমোদন সাপেক্ষে গবেষণা কমিটি কাঙ্ক্ষিত পরিবর্তন আনয়ন করতে পারবে।

# সংযোজনী-১

(টেন্ডার ফ্লো চার্ট)

পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এর ৪০ ধারা অনুসারে গবেষণাকর্মে আগ্রহ ব্যক্তকরণসহ প্রস্তাবনা দাখিলের বিজ্ঞাপন জারি

↓

আগ্রহ ব্যক্তকরণসহ প্রস্তাবনা দাখিল (ধারা-৫৪)

↓

কমিটি কর্তৃক আবেদনপত্র উন্মুক্তকরণ (ধারা-৫৫)

↓

প্রাপ্ত আবেদনপত্র ও তৎসংক্রান্ত কাগজপত্র মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ

↓

মূল্যায়ন কমিটি কর্তৃক আবেদনপত্র মূল্যায়নপূর্বক সংক্ষিপ্ত তালিকা ইউনিট প্রধানের নিকট প্রেরণ (ধারা-৫৬)

↓

ইউনিট প্রধান কর্তৃক গবেষক/গবেষণা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত তালিকা অনুমোদন

↓

সংক্ষিপ্ত তালিকা প্রকাশ ও ইওআই এ অংশগ্রহণকারীদের পত্র/ই-মেইল মারফত জানান

↓

সংক্ষিপ্ত তালিকাভুক্ত গবেষক/গবেষণা প্রতিষ্ঠানের নিকট গবেষণার চাহিদা বিষয়ক দলিলপত্রাদি প্রদান কিংবা ব্রিফিং আয়োজন এবং কারিগরি ও আর্থিক প্রস্তাব আহ্বান

↓

তালিকাভুক্ত গবেষক/গবেষণা প্রতিষ্ঠানের কাছ থেকে কারিগরি প্রস্তাব(প্রেজেন্টেশন) ও আর্থিক প্রস্তাব গ্রহণ (ধারা-৫৭)

↓

প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি কর্তৃক কারিগরি প্রস্তাব উন্মুক্তকরণ তথা প্রেজেন্টেশন গ্রহণ ও আর্থিক প্রস্তাব সিলগালাসহ সংরক্ষণ (ধারা-৫৮)

↓

মূল্যায়ন কমিটি কর্তৃক কারিগরি ও আর্থিক প্রস্তাব পেশকারী গবেষক ও গবেষণা প্রতিষ্ঠানের যোগ্যতা মূল্যায়ন। প্রত্যেক গবেষক/প্রতিষ্ঠানের কাছ থেকে প্রেজেন্টেশন গ্রহণ করতে হবে (ধারা-৫৯)

↓

ইউনিট প্রধান কর্তৃক কারিগরি মূল্যায়ন অনুমোদন ধারা-৫৯(২)

↓

কারিগরি মূল্যায়নে উত্তীর্ণ তথা গবেষক/প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি থাকে) আর্থিক প্রস্তাব উন্মুক্তকরণ

↓

প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক নিগোসিয়েশন (ধারা-৬০)

↓

মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বশেষ মূল্যায়ন প্রতিবেদন ইউনিট প্রধানের নিকট পেশ (ধারা-৬১)

↓

ইউনিট প্রধানের অনুমোদন

↓

ধারা-২৯ ও ৩০ এ নির্দেশনা পূরণ সাপেক্ষে চুক্তি স্বাক্ষর ও কার্যাদেশ প্রদান

↓

অন্যান্য আবেদনকারীদের অকৃতকার্য হওয়ার বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানান

# সংযোজনী-২

(কার্যাদেশ পরবর্তী গবেষণা সংশ্লিষ্ট ফ্লো চার্ট)

কার্যাদেশ প্রদান

↓

প্রারম্ভিক প্রতিবেদন (গবেষণা পদ্ধতি, নমুনায়ন, প্রশ্নমালা এবং কর্মপরিকল্পনা উপস্থাপন)

↓

তথ্য সংগ্রহের জন্য প্রশিক্ষণ, Tools, Piloting চূড়ান্তকরণ

↓

উপাত্ত বিন্যাস ও বিশ্লেষণ

↓

খসড়া প্রতিবেদন দাখিল

↓

মন্তব্য প্রতিপালনের প্রতিবেদনসহ চূড়ান্ত প্রতিবেদন দাখিল

↓

ডেসিমিনেশন সেমিনার

↓

গবেষক/গবেষকদলকে নির্ধারিত চুক্তি মোতাবেক বিলের অর্থ পরিশোধ

# সংযোজনী-৩

গবেষণা শিরোনাম নির্ধারণ (অনুচ্ছেদ-২.৯)

১. Title of the research (গবেষণা শিরোনাম)ঃ ...............................................

২. Introduction (ভূমিকা)ঃ .....................................................................

৩. Statement of the problem (সমস্যার বর্ণনা)ঃ .............................................

৪. Research questions (অনুসন্ধানের প্রশ্নসমূহ)ঃ .............................................

৫. Objectives of the study (গবেষণার উদ্দেশ্যসমূহ)ঃ .......................................

৬. Subject Matter Expert (সাবজেক্ট ম্যাটার এক্সপার্ট) ও বিকল্প Subject Matter Expert এর নাম, পদবি, নিযুক্তিঃ .....

৭. Rationale of the study (গবেষণার যৌক্তিকতা)ঃ..........................................

# সংযোজনী-৪

গবেষণা প্রস্তাবের কাঠামো (অনুচ্ছেদ-২.১০)

১. Title of the research (গবেষণা শিরোনাম)ঃ ..................................................................

২. Introduction (ভূমিকা)ঃ ..................................................................

৩. Statement of the problem (সমস্যার বর্ণনা)ঃ ..................................................................

৪. Research questions (অনুসন্ধানের প্রশ্নসমূহ)ঃ ..................................................................

৫. Conceptual Framework/Theory/Theories (ধারণাগত কাঠামো/তত্ত্ব )ঃ ..................

৬. Objectives of the study (গবেষণার উদ্দেশ্যসমূহ)ঃ ..................................................................

৭. Review of Literature (বিষয়বস্তু পর্যালোচনা)ঃ ..................................................................

৮. Rationale of the study (গবেষণার যৌক্তিকতা)ঃ ..................................................................

৯. Scope of the study (গবেষণার ক্ষেত্র)ঃ ..................................................................

১০. Methodology (গবেষণা পদ্ধতি)ঃ ..................................................................

১১. Expected output (প্রত্যাশিত ফলাফল)ঃ ..................................................................

১২. Significance (কার্যকারিতা)ঃ ..................................................................

১৩. Ethical Issues (নৈতিক দায়বদ্ধতা)ঃ ..................................................................

১৪. Relation with society and Bangladesh Police

(বাংলাদেশ পুলিশ ও সমাজের সাথে গবেষণাটির সম্পর্ক))ঃ..................................................................

১৫. Tentative Research Outline (সম্ভাব্য গবেষণা কাঠামো)ঃ ..................................................................

১৬. Action Plan/Timeline (সময়, কর্মপরিকল্পনা ও কার্যকারিতা)ঃ..................................................................

১৭. Budget (সম্ভাব্য ব্যয় বিবরণী)ঃ ..................................................................

১৮. Reference/ Bibliography (গ্রন্থপঞ্জী)ঃ ..................................................................

১৯. Appendices (সংযোজনীসমূহ)ঃ ..................................................................